ইত্তেফাক

073

তারিখ 1/9/80
পৃষ্ঠা 3 কলাম 2

# ঢাকা নগরীর সকল প্রাথমিক বিদ্যালয় পৌর কর্পোরেশনের নিকট হস্তান্তর করা হইবে

বাসস জানায়, প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান জানান যে, ঢাকা নগরীর সকল প্রাথমিক বিদ্যালয় ঢাকা পৌর কর্পোরেশনের নিকট হস্তান্তর করা হইবে।

তিনি বলেন যে, অতঃপর করপোরেশন বিদ্যালয়সমূহের পরিচালনার দায়িত্ব গ্রহণ করিবে। অবশ্য ইহাতে শিক্ষকদের পদমর্যাদার কোন পরিবর্তন হইবে না। শিক্ষকরা সরকারী কর্মচারী হিসাবে গণ্য হইবেন এবং বর্তমান সকল সুযোগ-সুবিধা ভোগ করিবেন। শুধু উন্নততর ব্যবস্থাপনার স্বার্থে বিদ্যালয়সমূহকে কর্পোরেশনের নিকট হস্তান্তর করা হইতেছে।

প্রধানমন্ত্রী গত বৃহস্পতিবার ঢাকায় সিদ্ধেশ্বরী বালক উচ্চ বিদ্যালয়ের নয়া ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে আরও বলেন যে, আগামী চার বৎসরের মধ্যে সরকার প্রাথমিক শিক্ষা সার্বজনীন, অবৈতনিক ও বাধ্যতামূলক করিবেন। ঢাকা পৌর কর্পোরেশনের মেয়র জনাব আবুল হাসনাতের সভাপতিত্বে এই অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা দেন বিদ্যালয় পরিচালনা কমিটির সহ-সভাপতি জনাব আবদুল মান্নান খান এবং বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব এস, এম, মোশারফ আলী।

শাহ আজিজ বলেন যে, ১৯৮৫ সালের মধ্যে দেশের প্রতিটি গ্রামে প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হইবে। বর্তমানে সারাদেশে ৪০ হাজার প্রাথমিক বিদ্যালয় রহিয়াছে। এই লক্ষ্য অর্জনের জন্য বিভিন্ন আন্তর্জাতিক ও জাতিসংঘ সংস্থা সরকারকে সাহায্য ও সহযোগিতা প্রদান করিতেছে।